**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

বাংলাদেশ পরিকল্পনা কমিশন

সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি)

সোশ্যাল সিকিউরিটি পলিসি সাপোর্ট (এসএসপিএস) প্রোগ্রাম

**বিষয়: জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (এনএসএসএস) পরিবীক্ষণ ও মূল্যায়ন (M&E) কমিটি'র দশম সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| **সভাপতি:** | ড. মোঃ কাউসার আহাম্মদ, সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন। |
| **তারিখ ও সময়:** | ২০ জুলাই, ২০২২ ইং, সকাল ১১.০০ ঘটিকা। |
| **ভেন্যু:** | কক্ষ নং- ২৬, ব্লক নং- ৬, নাজিয়া সালমা সম্মেলন কক্ষ, সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা - ১২০৭। |

**অংশগ্রহণকারীঃ সংযুক্তি "ক"**

সভাপতির অনুমতিক্রমে সাধারণ অর্থনীতি বিভাগের প্রধান (অতিরিক্ত সচিব) জনাব খান মোঃ নূরুল আমীন, এনডিসি উপস্থিত সকল কে স্বাগত জানিয়ে অনুষ্ঠান শুরু করেন। তিনি উল্লেখ করেন সামাজিক নিরাপত্তা কার্যক্রম সরকারের কয়েকটি অগ্রাধিকারপ্রাপ্ত উদ্যোগের মধ্যে অন্যতম। দেশে বিভিন্ন ধরনের সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে এবং বর্তমান অর্থবছরে এ খাতে বাজেটের প্রায় ১৬.৭ শতাংশ বরাদ্দ রাখা হয়েছে, যা দেশের মানুষের ক্ষুধা নিবারণ ও দারিদ্র্য দূরীকরণে সহায়ক। অতঃপর উপস্থিত সকলের সংক্ষিপ্ত পরিচয় পর্ব অনুষ্ঠিত হয়। পরিচয় পর্ব সমাপনান্তে তিনি সভার সভাপতি ড. মোঃ কাউসার আহাম্মদ, সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন মহোদয়কে সভা পরিচালনার জন্যে অনুরোধ করেন।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৯৬ সালে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রম প্রবর্তন করেন। ২০০৮ সালে পুনরায় সরকারের দায়িত্ব গ্রহণ করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সামাজিক নিরাপত্তা ব্যবস্থাকে আরও সম্প্রসারণের সিদ্ধান্ত গ্রহণ করেন। এ খাতে সে সময় মোট বাজেটের ১৩ থেকে ১৪ শতাংশ বরাদ্দ করা হত। বর্তমান বছরে এ খাতে বরাদ্দ জিডিপি'র ২.৬৬ শতাংশ এবং বাজেটের প্রায় ১৬.৭ শতাংশ। তিনি বলেন সামাজিক নিরাপত্তা কার্যক্রম সরকারের কয়েকটি অগ্রাধিকারপ্রাপ্ত উদ্যোগের মধ্যে অন্যতম। দেশে বিভিন্ন ধরনের সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে এবং প্রতিবছর বাজেটের প্রায় বৃহৎ অংশ বরাদ্দ রাখা হয় যা আমাদের দেশের মানুষের ক্ষুধা ও দারিদ্র বিমোচনে ভূমিকা পালন করছে। সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগসমূহের সমন্বয়কে আরো জোরদার করার লক্ষ্যে সকলে আন্তরিকতার সাথে কাজ করবেন এ মর্মে তিনি আশা প্রকাশ করেন।

৩। অতঃপর বিভিন্ন মন্ত্রণালয়, সংশ্লিষ্ট বিভাগ ও সংগঠনের প্রতিনিধিদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার পরবর্তী কার্যক্রম পরিচালনা করার জন্য সাধারণ অর্থনীতি বিভাগ এবং মন্ত্রিপরিষদ বিভাগের এসএসপিএস এর প্রকল্প ব্যবস্থাপক জনাব মোঃ আমিনুল আরিফিন কে আহবান জানান ।

৪। অতঃপর ড. মোহাম্মাদ এ. রাজ্জাক, অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চেয়ারপার্সন (র‍্যাপিড) জুমের মাধ্যমে অনলাইনে সংযুক্ত হন। তিনি "A Diagnostic Review of the National Social Insurance Scheme and A Feasible Model for Bangladesh" বিষয়ে তার বক্তব্য উপস্থাপন করেন। শুরুতেই তিনি এ বিষয়ের পটভুমি বর্ণনা করেন। তিনি বলেন যে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) এ কর্মক্ষম জনগোষ্ঠির জন্য সুরক্ষা ব্যবস্থার উপর গুরুত্ব দেওয়া হয়েছে যার ফলশ্রুতিতে NSIS উন্নয়নের গুরুত্বের বিষয়টি তুলে ধরেন। একই সাথে বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ NSIS এর উপাদান ও পরিকল্পনা বিষয়ে তাদের মতামত প্রদান করেন।

৫। তিনি এ সময় NSIS এর প্রয়োজনীয়তা উল্লেখ করতে গিয়ে কোভিড -১৯ সময়কালীন অনেকের চাকুরী হারানোর উদাহরণ দেন। বক্তব্যের এ পর্যায়ে NSIS এর মূলনীতিসমূহ নিয়ে প্রাসঙ্গিক আলোচনা তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে NSIS এর খসড়াটি করার সময় আন্তর্জাতিক মানদন্ড এবং আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) এর সুপারিশসমূহ গুরুত্ব সহকারে বিবেচনা করে এই খসড়াটি প্রস্তুত করা হয়েছে। তিনি এ প্রসঙ্গে বিভিন্ন দেশের সামাজিক সুরক্ষা এবং সামাজিক বিমার উদাহরণ দেন যেমনঃ অসুস্থতাজনিত সুরক্ষা, মাতৃত্বকালীন সুরক্ষা, শ্রমিক ক্ষতিপূরণ সুরক্ষা, কর্মহীনতা সুরক্ষা ইত্যাদি।

৬। অতঃপর ড. রাজ্জাক খসড়া NSIS ফ্রেমওয়ার্ক এর বিভিন্ন উপাদানসমূহ নিয়ে তার বক্তব্য তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে উক্ত ফ্রেমওয়ার্কটিতে মূল বিষয়সমূহের একটি সারসংক্ষেপ উপস্থাপন করা হয়েছে। এখানে বিভিন্ন দৃশ্যপটের মাধ্যমে ৪টি স্কীম এবং এদের যৌক্তিতার মানদন্ডসমূহের বিশদ বিবরণ দেওয়া হয়েছে। এ সময় তিনি NSIS এর স্কীমসমূহের সঠিক বাস্তবায়ন এর রোডম্যাপ এর উপর গুরুত্বারোপ করেন এবং বর্তমান ফ্রেমওয়ার্ক এর সীমাবদ্ধতার বিষয়গুলো আলোচনা করেন। মাতৃত্বকালীন সুযোগ সুবিধার বিষয়ে তিনি বলেন যে, এসকল সুবিধার অধিকাংশই লিগ্যাল ফ্রেমওয়ার্ক এর সাথে সংযুক্ত। এ জন্য তিনি দেশের বিদ্যমান লিগ্যাল ফ্রেমওয়ার্ক এর বাস্তবায়নের উপর জোর দেন। একই সাথে এর কিছু সীমাবদ্ধতা এবং বাস্তবায়নের ক্ষেত্রে বাধাসমূহের বিষয়টি তিনি উল্লেখ করেন। বিশেষত সামাজিক সুরক্ষা ব্যবস্থাটি প্রাতিষ্ঠানিক পর্যায় থেকে বাস্তবায়ন করা সম্ভব হলেও এখনও পর্যন্ত অপ্রাতিষ্ঠানিক পর্যায়ে বাস্তবায়ন সম্ভব হয়নি বলে তিনি মত ব্যক্ত করেন। তিনি আগামী জুলাই ২০২৫ এর মধ্যে NSIS এর কার্যকরী বাস্তবায়ন এবং সঠিক রোডম্যাপ অনুসরণের লক্ষ্যে পৃথিবীর অন্যান্য দেশের উদাহরণ উল্লেখ করে সেখান থেকে শিক্ষা গ্রহণের মাধ্যমে এবং আমাদের বাস্তবতার আলোকে NSIS কে আরও উন্নত করার লক্ষ্যে কিছু সুপারিশ ও পরামর্শ প্রদানের মাধ্যমে তিনি তার বক্তব্য শেষ করেন।

৭। সভার এ পর্যায়ে সভাপতি মহোদয় জাতীয় সামাজিক বিমা কর্মসূচি (NSIS) বিষয়ে গুরুত্বপূর্ণ উপস্থাপনা প্রদানের জন্য উপস্থাপক অধ্যাপক ড. রাজ্জাককে ধন্যবাদ জানান এবং উন্মুক্ত আলোচনা এবং প্রশ্নোত্তর পর্বের জন্য উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয়, অধিদপ্তর, বিভাগ ও সংগঠনের আগত প্রতিনিধিগণ কে আহবান জানান। প্রশ্নোত্তর পর্বে অন্যান্য প্রশ্নের সাথে প্রবাসী কর্মীদের সুরক্ষার বিষয়টি উঠে আসে এবং একই সাথে পেশাগত ঝুঁকির সুরক্ষা সম্পর্কে আলোচনা হয়। এ বিষয়ে ড. রাজ্জাক বলেন যে, সময়ের সাথে প্রয়োজন অনুসারে সকলকেই NSIS এর আওতায় আনা যাবে তবে আপাতত সঠিক রোডম্যাপ অনুসরণের মাধ্যমে এটির সঠিক বাস্তবায়নই হলো প্রথম অগ্রাধিকার। এছাড়াও দুর্যোগে ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের জন্য স্কীমসমূহ, অপ্রাতিষ্ঠানিক খাতের জন্য সামাজিক সুরক্ষা ও স্বাস্থ্যের জন্য সম্পূর্ণ আলাদা স্কীম প্রয়োজন কেননা রোগভেদে ইন্সুরেন্স এর পার্থক্য হতে পারে ইত্যাদি, এবং ILO ও GIZ দুর্ঘটনাজনিত বিমা পাইলট গবেষণা বাস্তবায়নে কাজ করছে।

৮। অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এ পর্যায়ে সরকারের যুগান্তকারী পদক্ষেপ সার্বজনীন private পেনশন স্কিম চালু করার ক্ষেত্রে সাধারণ অর্থনীতি বিভাগ ও মন্ত্রিপরিষদ বিভাগ কতৃক সম্পাদিত সামাজিক বিমা ও

পেনশন গবেষণাপত্রটি সর্বতোভাবে সাহায্য করেছে, এবং সামাজিক নিরাপত্তা কৌশলে বর্ণিত সামাজিক বিমা কর্মসূচি বাস্তবায়নে উদ্যোগী হতে গুরুত্বারোপ করেন। স্বাস্থ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি স্বাস্থ্য মন্ত্রণালয় কতৃক বাস্তবায়িত মাতৃত্বকালীন বিমা পাইলট সম্পর্কে সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় বেকারত্বজনিত সামাজিক বিমা পাইলট গবেষণার ওপর গুরুত্বারোপ করে বলেন যে, আলোচনান্তে দেখা যাচ্ছে যে, NSIS এর নির্দেশনা বিবেচনায় নিয়ে এই গবেষণাটি ব্যতীত ILO ও GIZ দুর্ঘটনাজনিত বিমা পাইলট গবেষণা বাস্তবায়নে কাজ করছে, এবং মাতৃত্বকালীন বিমা নিয়ে স্বাস্থ্য মন্ত্রণালয় কাজ করছে।

৯। জনাব আমিনুল আরিফিন উল্লেখ করেন সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসুচি সারা বিশ্বে বিভিন্ন আন্তর্জাতিক পরিমন্ডলে প্রশংসিত হয়েছে। সমগ্র বিশ্ব যখন কোভিড - ১৯ মহামারীতে দিশেহারা সে সময় বাংলাদেশ তার সামাজিক নিরাপত্তা কর্মসূচিসহ অন্যান্য সময়োপযোগী উদ্যোগের ফলে অত্যন্ত সফল ভাবে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ধরে রেখে জনগনের সার্বিক উন্নয়ন মান ধরে রাখতে পেরেছে। এসকল বিষয় বিবেচনায় সামাজিক ইন্সুরেন্স হতে পারে একটি গুরুত্বপূর্ণ সরকারী বিনিয়োগ যা বাস্তবায়িত হলে দেশের জিডিপি বৃদ্ধির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

১০। সভার ২য় পর্বে আলোচনা উপস্থাপনা করেন জনাব ড্যানিয়েল উইন্সট্যান্টলি, পরামর্শক, ম্যাক্স-ওয়েল-স্টাম্পস লিমিটেড। তিনি তার উপস্থাপনায় "Assessment, Scope, and Framework for Introducing NSSS M&E Dashboard" বিষয়ে তার বক্তব্য উপস্থাপন করেন। তিনি শুরুতেই উল্লেখ করেন যে উক্ত উপস্থাপনাটি তিনটি পর্বে বিভক্ত। প্রথম পর্বে তিনি এই NSSS M&E Dashboard এর ধারণা এবং সূচনা সম্পর্কে বক্তব্য রাখেন। তিনি উল্লেখ করেন যে, NSSS এর সংস্কার সূচকসমূহকে ভিত্তি করে ২০১৯ সালে NSSS এর মধ্যবর্তীকালীন মূল্যায়ন করা হয়েছিল। সেখানে বেশ কিছু সুপারিশের মধ্যে একটি ছিল NSSS এর সংস্কার ট্র্যাকিং এবং কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি (সিএমসি)-র তত্ত্বাবধানের জন্য একটি ওয়েবভিত্তিক NSSS M&E Dashboard তৈরী করা।

১১। তিনি তার আলোচনার ২য় পর্বে এটি মূল্যায়নের উপর আলোকপাত করেন। তিনি Dashboard টির কয়েকটি কাজের পরিধির কথা উল্লেখ করেন যেমন এমআইএস সহ বর্তমান M&E ল্যান্ডস্কেপ এর মূল্যায়ন, একটি Dashboard এর সম্ভাবতা তুলে ধরা এবং একটি কার্যকরী কাঠামো ডিজাইন করা যা থেকে একটি Dashboard তৈরী করা যায়। তিনি সামাজিক নিরাপত্তা খাতে ব্যবহৃত বিভিন্ন আন্তর্জাতিক Dashboard এর সাথে একটি তুলনামূলক পর্যালোচনা তুলে ধরেন যাতে মোট ১২টি আন্তর্জাতিক সামাজিক সুরক্ষার Dashboard মূল্যায়ন করা হয়েছিল। ৩য় পর্বে তিনি প্রস্তাবিত NSSS M&E Dashboard আলোচনা করেন যার মধ্যে নীতি নির্ধারকদের জন্য আলাদা আলাদা বিজনেস কেইস তুলে ধরেন। সবশেষে তিনি প্রস্তাবিত NSSS M&E Dashboard এর Blueprint তুলে ধরেন এবং এটির উন্নয়নের ক্ষেত্রে ৫টি পর্যায় বর্ণনা করেন।

১২। সভাপতি "Assessment, Scope, and Framework for Introducing NSSS M&E Dashboard" বিষয়ে গুরুত্বপূর্ণ উপস্থাপনা প্রদানের জন্য উপস্থাপক জনাব ড্যানিয়েল উইন্সট্যান্টলি, পরামর্শক, ম্যাক্স-ওয়েল-স্টাম্পস লিমিটেড, কে ধন্যবাদ ব্যক্ত করেন এবং উন্মুক্ত আলোচনা এবং প্রশ্নোত্তর পর্বের জন্য উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয়, অধিদপ্তর, বিভাগ ও সংগঠনের আগত প্রতিনিধিগণ কে আহবান জানান। এ পর্বের আলোচনা এবং প্রশ্নোত্তর পর্বে বিভিন্ন মন্ত্রণালয়ের তথ্যাবলী একীভূতকরণের বিষয়টি উঠে আসে।

১৩। জনাব মোঃ খালেদ হাসান, যুগ্মসচিব, সিভিল রেজিস্ট্রেশন ও সামাজিক নিরাপত্তা, মন্ত্রিপরিষদ বিভাগ বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৯৬ সালে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রম প্রবর্তন করেন। ২০০৮ সালে পুনরায় সরকারের দায়িত্ব গ্রহণ করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সামাজিক নিরাপত্তা ব্যবস্থাকে আরও সম্প্রসারণের সিদ্ধান্ত গ্রহণ করেন। এ বছর, সরকার ১১৫ টি সামাজিক সুরক্ষা কর্মসূচিতে জাতীয় বাজেটের

১৬.৭% এর বেশি ব্যয় করবে, যা জিডিপির ২.৬% এর সমতুল্য। বিপুল পরিমাণ কর্মসূচির জন্য নীতিনির্ধারক ও বাস্তবায়নকারীদের জন্য প্রোগ্রামের তথ্য ও পরিসংখ্যানগত তথ্য পরিচালনা করা খুবই চ্যালেঞ্জিং কাজ। প্রোগ্রামগুলির মসৃণ ব্যবস্থাপনার জন্য আমাদের একটি সিঙ্গেল রেজিস্ট্রি এমআইএস প্রয়োজন।

সিদ্ধান্ত:

ক) সামাজিক বিমা বিষয়ক "A Diagnostic Review of the National Social Insurance Scheme and a Feasible Model for Bangladesh" গবেষণাপত্রটির সুপারিশসমূহ পরবর্তী কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি (সিএমসি) এবং এই গবেষণাপত্রটি সামাজিক নিরাপত্তা সংক্রান্ত বৃহত্তর ফোরামে উত্থাপন করতে হবে এবং NSIS পাইলট ডিজাইন প্রস্তুত করতে হবে;

খ) উপস্থাপিত সামাজিক নিরাপত্তা বিষয়ক M&E Framework নির্মাণের বিষয়টি প্রশংসার দাবি রাখে। সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের মধ্যমেয়াদী পরিবীক্ষণ ও মূল্যায়ন এর সুপারিশ অনুযায়ী ১ম পর্যায়ে M&E Reform Dashboard প্রস্তুত করতে হবে;

গ) সরকার কর্তৃক সিঙ্গেল রেজিস্ট্রি এমআইএস প্রতিষ্ঠা হলে মন্ত্রণালয়, সামাজিক নিরাপত্তা কর্মসূচি ও মাঠভিত্তিক পূর্ণাঙ্গ M&E Dashboard উক্ত সিঙ্গেল রেজিস্ট্রি এমআইএস এর অন্তর্ভূক্ত হবে বিধায় সিঙ্গেল রেজিস্ট্রি এমআইএস এর বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা সাপেক্ষে ২য় পর্যায়ে পূর্ণাঙ্গ M&E Dashboard বিনির্মাণের প্রক্রিয়া ধীরগতিতে শুরু করতে হবে;

ঘ) সামাজিক নিরাপত্তা সংক্রান্ত গবেষণার বিষয় নির্বাচন করার লক্ষ্যে অতি দ্রুত একটি কর্মশালা আয়োজন করতে হবে;

ঙ) উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে এসএসপিএস প্রকল্প প্রয়োজনীয় কারিগরি এবং লজিস্টিক সহায়তা প্রদান করবে।

১৪। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় উপস্থিত সবাইকে আলোচনায় অংশগ্রহণ এবং মূল্যবান মতামত ও পরামর্শ প্রদানের জন্য আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোঃ কাউসার আহাম্মদ
সদস্য (সচিব)
সাধারণ অর্থনীতি বিভাগ
বাংলাদেশ পরিকল্পনা কমিশন।

Government of The People's Republic of Bangladesh
Cabinet Division and General Economics Division (GED)
Social Security Policy Support Programme (SSPS) Programme
Room No. 04, Block-13, Planning Commission
Sher-e-Bangla Nagar, Dhaka-1207

Empowered lives.
Resilient nations.

# 10th Meeting of NSSS M&E Committee

20 July 2022
Venue: Nazia-Salma Conference Room

## Registration

| Sl. | Name | Designation & Organization | Mobile Number & Email | Signature |
|---|---|---|---|---|
| 1. | Dr. Md. Kawser Ahmed | Member (secretary) GED | | [signature] |
| 2. | Khan Md. Nurul Amin, NDC | Chief (Additional Secretary) | | [signature] |
| 3. | Dr. A. E. Md. Muhiuddin Osmani | Additional Secretary MOWCA | 01517 262640 osmani_mv@yahoo.com | [signature] 20/07/2022 |
| 4. | SK. Md. Moniruzzaman | Additional Secretary. MODMR | 01711177072 SK.Mdzaman@gmail.Com. | [signature] 20.07.22 |

# Government of The People's Republic of Bangladesh
## Cabinet Division and General Economics Division (GED)
### Social Security Policy Support Programme (SSPS) Programme
Room No. 04, Block-13, Planning Commission
Sher-e-Bangla Nagar, Dhaka-1207

Empowered lives.
Resilient nations.

## 10th Meeting of NSSS M&E Committee

20 July 2022

Venue: Nazia-Salma Conference Room

## Registration

| Sl. | Name | Designation & Organization | Mobile Number & Email | Signature |
|---|---|---|---|---|
| 5. | Md. Rezaul Maksud Jahedi | ADG, Department of ICT ICTD. | 01711166328 jahedi6076@gmail.com | [signature] 20-7-2022 |
| 6. | A S M Hasne Mubarak | Programmer, Department of ICT ICTD | 01818734929 mubarak.engg@gmail.com | [signature] 20/7/22 |
| 7. | Md. Abdullah Bin Salam | Programmer, Department of ICT, ICTD | 01712264694 abdullah.salam@doict.gov.bd | [signature] 20/07/22 |
| 8. | Md. Golam Mahbub | Programmer, Dept. of ICT | 01716205900 gmahbub@doict.gov.bd | [signature] |

# Government of The People's Republic of Bangladesh

## Cabinet Division and General Economics Division (GED)

Social Security Policy Support Programme (SSPS) Programme
Room No. 04, Block-13, Planning Commission
Sher-e-Bangla Nagar, Dhaka-1207

Empowered lives.
Resilient nations.

## 10th Meeting of NSSS M&E Committee

20 July 2022
Venue: Nazia-Salma Conference Room

## Registration

| Sl. | Name | Designation & Organization | Mobile Number & Email | Signature |
|---|---|---|---|---|
| 9. | Md. Harun Or Rosid | Programmer, Department of ICT | 01712822206 harun.rosid@doict.gov.bd | Rosid |
| 10. | Dr. M. Abu Eusuf | Professor, Dhaka University and ED, RAPID | 01711287444 eusuf101@yahoo.com | |
| 11. | Emran Hasan | Assistant Professor, Economics BUP & Research fellow RAPID | emuhasan128@gmail.com | [signature] |
| 12. | Jahan Ara | Deputy Secretary MO Social Welfare | fionajahan24@gmail.com | [signature] |

# Government of The People's Republic of Bangladesh
## Cabinet Division and General Economics Division (GED)
Social Security Policy Support Programme (SSPS) Programme
Room No. 04, Block-13, Planning Commission
Sher-e-Bangla Nagar, Dhaka-1207

Empowered lives.
Resilient nations.

## 10th Meeting of NSSS M&E Committee

20 July 2022

Venue: Nazia-Salma Conference Room

## Registration

| Sl. | Name | Designation & Organization | Mobile Number & Email | Signature |
|---|---|---|---|---|
| 13. | Hoore Jannat | Deputy Secretary Ministry of Food | 01754601983 dssupply1@mofood.gov.bd | [signature] 20.07.2022 |
| 14. | Md. Alamgir Hossen | Deputy Director BBS | 01789944944 alamgirhossen@bbs.gov.bd | [signature] 20.07.2022 |
| 15. | Shaikh Md. Kabedul Islam | Addl. Secy., Statistics & Informatics Division | 01716-034232 kabedulislam@hotmail.com | [signature] 20.07.2022 |
| 16. | Dr. md Khairuzzaman Mozumder | Addl. Secretary, Macro-economics Wing, Finance Division | 01711566958 mozumderk@yahoo.com | [signature] 20/7/2022 |

# Government of The People's Republic of Bangladesh
## Cabinet Division and General Economics Division (GED)
### Social Security Policy Support Programme (SSPS) Programme

Room No. 04, Block-13, Planning Commission
Sher-e-Bangla Nagar, Dhaka-1207

Empowered lives.
Resilient nations.

## 10th Meeting of NSSS M&E Committee

20 July 2022
Venue: Nazia-Salma Conference Room

## Registration

| Sl. | Name | Designation & Organization | Mobile Number & Email | Signature |
|---|---|---|---|---|
| 17. | Md. Zahir Raihan | DG (Add. Secretary) sector-2, IMED | 01715898484 dgsector2@imed.gov.bd | [signature] 20-7-2022 |
| 18. | Mohd. Monirul Islam | Joint Secretary (SDG) PMO | 01711-466573 monirulislam.71@gmail.com | [signature] 20/7/22 |
| 19. | Mohammad Khaled Hasan | Joint Secretary Cabinet Division | 01716466947 hasantgl@gmail.com | [signature] 20-7-2022 |
| 20. | DIPANKAR ROY | Deputy Secretary Statistics and Informatics Division (SID) | 01732363030 dr.roy.rd@gmail.com | [signature] 20/7/2022 |

# Government of The People's Republic of Bangladesh
## Cabinet Division and General Economics Division (GED)
Social Security Policy Support Programme (SSPS) Programme
Room No. 04, Block-13, Planning Commission
Sher-e-Bangla Nagar, Dhaka-1207

Empowered lives.
Resilient nations.

## 10th Meeting of NSSS M&E Committee

20 July 2022
Venue: Nazia-Salma Conference Room

## Registration

| Sl. | Name | Designation & Organization | Mobile Number & Email | Signature |
|---|---|---|---|---|
| 21. | Md. Motiar Rahman | Deputy Secretary Ministry of Primary & Mass Education | 01736-112222 motiar.bes20@gmail.com | [signature] |
| 22. | Aminul Arifeen | Project Manager, SSPS Programme, UNDP | 01787687034 aminul.arifeen@undp.org | [signature] |
| 23. | Daniel Winstanley | Social Protection M&E Specialist | 01705407586 dwinstanley.cdn@gmail.com | [signature] |
| 24. | Noman | Research & Data Specialist MSL | 01934275737 aalnoman2216@gmail.com | [signature] |

# Government of The People's Republic of Bangladesh
## Cabinet Division and General Economics Division (GED)
Social Security Policy Support Programme (SSPS) Programme
Room No. 04, Block-13, Planning Commission
Sher-e-Bangla Nagar, Dhaka-1207

Empowered lives.
Resilient nations.

## 10th Meeting of NSSS M&E Committee
20 July 2022
Venue: Nazia-Salma Conference Room

## Registration

| Sl. | Name | Designation & Organization | Mobile Number & Email | Signature |
|---|---|---|---|---|
| 25. | Md. Naem Bhuyan | Programme Associate SSPS, UNDP | 01711005416 naem.bhuyan@undp.org | [signature] |
| 26. | RAIQAH KHAN | COMM OFFICER. SSPS, UNDP | 01734806 6 | [signature] |
| 27. | S. M. Siam | Finance & Admin SPPS, UNDP | 01675513490 | [signature] |
| 28. | Mohammad Mahfuzul Bari | ICT Expert SSPS, UNDP | 01795078177 mohammad.bari@undp.org | [signature] |

Government of The People's Republic of Bangladesh
Cabinet Division and General Economics Division (GED)
Social Security Policy Support Programme (SSPS) Programme
Room No. 04, Block-13, Planning Commission
Sher-e-Bangla Nagar, Dhaka-1207

Empowered lives.
Resilient nations.

# 10th Meeting of NSSS M&E Committee

20 July 2022
Venue: Nazia-Salma Conference Room

## Registration

| Sl. | Name | Designation & Organization | Mobile Number & Email | Signature |
|---|---|---|---|---|
| 29. | Shantanu Chanda | PA-Communication, UNDP | 01759678042 shantanu.chanda@undp.org | [signature] |
| 30. | Md. Firozul Islam | Project Associate, UNDP | 01737204135 md.firozul.islam@undp.org | [signature] |
| 31. | MD MUKUL HOSSAIN | Project Assistant, UNDP | 01711-086100 mukul.hossain@undp.com | [signature] |
| 32. | Sadia Afrin Suvra | Project Assistant, UNDP | 01576-720687 sadia.suvra@undp.org | [signature] |

Government of The People's Republic of Bangladesh
Cabinet Division and General Economics Division (GED)
Social Security Policy Support Programme (SSPS) Programme
Room No. 04, Block-13, Planning Commission
Sher-e-Bangla Nagar, Dhaka-1207

Empowered lives.
Resilient nations.

# 10th Meeting of NSSS M&E Committee

20 July 2022
Venue: Nazia-Salma Conference Room

## Registration

| Sl. | Name | Designation & Organization | Mobile Number & Email | Signature |
|---|---|---|---|---|
| 33. | Dr. A.M. PERVEZ RAHIM | Joint Secretary, HSD Ministry of Health & FW | 01555555164 drampervez@gmail.com | [signature] |
| 34. | | | | |
| 35. | | | | |
| 36. | | | | |